**বারিধারা ডিওএইচএস পরিষদ**
**ঢাকা সেনানিবাস**
**কার্যনির্বাহী কমিটির (ইসি) সভার কার্যবিবরণী**

১। বারিধারা ডিওএইচএস পরিষদের ইসি'র ১২ তম সভা ২২ আগষ্ট ২০২৬ (শনিবার) তারিখ সন্ধ্যা ১৯৩০ ঘটিকায় পরিষদের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পরিষদের প্রেসিডেন্ট কর্নেল এম আব্দুল হাই (অবসরপ্রাপ্ত) এবং এতে নিম্নেবর্ণিত সদস্যগন উপস্থিত ছিলেন ঃ

| | | |
|---|---|---|
| ক। | কর্নেল এম আব্দুল হাই (অবসরপ্রাপ্ত) | - প্রেসিডেন্ট |
| খ। | কর্নেল মোহাম্মদ ওয়ালী উল্লাহ (অবসরপ্রাপ্ত) | - ভাইস প্রেসিডেন্ট |
| গ। | কর্নেল প্রফেসর মোঃ মোশাররফ হোসেন, পিএইচডি (অবসরপ্রাপ্ত) | - জয়েন্ট সেক্রেটারী |
| ঘ। | গ্রুপ ক্যাপ্টেন এস এম এ খালেদ, এনডিইউ, পিএসসি (অবসরপ্রাপ্ত) | - ট্রেজারার |
| ঙ। | মেজর জাফরউল্লাহ খান (অবসরপ্রাপ্ত) | - জয়েন্ট ট্রেজারার |
| চ। | লেঃ কর্নেল মোঃ আব্দুর রব (অবসরপ্রাপ্ত) | - মেম্বার সিকিউরিটি |
| ছ। | ক্যাপ্টেন এম এম আজিজ, পিএসসি, বিএন (অবসরপ্রাপ্ত) | - মেম্বার এ্যাডমিন |
| জ। | ডাঃ পারভীন হক চৌধুরী | - সদস্য |
| ঝ। | এয়ার কমডোর এসএমজি ইয়াজদানী, পিএসসি, পিএইচডি (অবসরপ্রাপ্ত) | - সদস্য |
| ঞ। | মিসেস পারভীন যোবায়দা | - সদস্য |
| ট। | গ্রুপ ক্যাপ্টেন এম রফিকুল হক, পিএসসি (অবসরপ্রাপ্ত) | - সদস্য |
| ঠ। | ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন (অবসরপ্রাপ্ত) | - সদস্য |
| ড। | ব্রিগেঃ জেনাঃ এম মফিজুর রহমান, পিএসসি, পি ইঞ্জি, সিএমসি (অবসরপ্রাপ্ত) | - সদস্য |
| ঢ। | মিসেস সাবরিনা মফিজ | - সদস্য |
| ণ। | কর্নেল জয়নুল আবেদীন (অবসরপ্রাপ্ত) | - সদস্য |

২। সভার জন্য প্রয়োজনীয় কোরাম উপস্থিত থাকায় সভাপতির অনুমতিক্রমে যথাসময়ে সভা শুরু করা হয়। সভার আলোচ্য সূচি ও সিদ্ধান্ত নিম্নরূপ ঃ

| **আলোচ্যসূচি ও সিদ্ধান্ত** | **কার্যক্রম** |
|---|---|
| **আলোচ্যসূচি- ০১ ঃ পবিত্র কোরআন থেকে অনুবাদসহ তেলাওয়াত**<br>• বারিধারা ডিওএইচএস জামে মসজিদের মুয়াজ্জিন হাফেজ মাওলানা মোঃ আলী উসমান পবিত্র কোরআনের কয়েকটি আয়াত তেলাওয়াত ও তরজমা করেন। তিনি মহান আল্লাহ্‌র নিকট বারিধারা ডিওএইচএস এর যে সকল সদস্যবৃন্দ ও তাদের পরিবারবর্গ মৃত্যুবরণ করে পরপারে চলে গিয়েছেন তাদের রুহের মাগফেরাত এবং বর্তমানে বসবাসরত সকল বাসিন্দা ও পরিষদ ইসি সদস্যদের সু-স্বাস্থ্য ও সুন্দর জীবন কামনা করে দু'আ করেন। আজকের সভার আলোচনা ও সিদ্ধান্তগুলি যেন সুষ্ঠুভাবে সম্পন্ন হয় সে ব্যাপারেও আল্লাহ্‌র দরবারে প্রার্থনা করেন। | সেক্রেটারী |

| | |
|---|---|
| **আলোচ্যসূচি- ০২ ঃ প্রেসিডেন্ট এর উদ্বোধনী বক্তব্য**<br><br>উদ্বোধনী ভাষণে প্রেসিডেন্ট ইসি'র ১২তম সভায় উপস্থিত সকল সদস্যগণকে অভিবাদন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি তাঁর বক্তব্যে যে সকল বিষয়ের উপর গুরুত্ব দিয়ে আলোকপাত করেন তা হলোঃ-<br><br>ক। ফিটনেস সেন্টারের উর্দ্ধমূখী এক্সটেনশন এর কাজের অগ্রগতি।<br><br>খ। ' Face Book' এ আগত বিভিন্ন বিষয়/সমস্যা, ইত্যাদির ব্যাপারে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত মেম্বার/ব্যক্তিবর্গ কর্তৃক যথাযথ কার্যক্রম গ্রহন।<br><br>গ। ২০ আগষ্ট ২০২৬ তারিখে ৭নং রোডে সংঘঠিত ঘটনা।<br><br>ঘ। ' এসকেএস শপিং কমপ্লেক্স' এর সামনে সঠিক জায়গায় ২টি 'স্পীড ব্রেকার' মার্ক করার প্রয়োজনীয়তা।<br><br>ঙ। অত্র ডিওএইচএস এর যে সকল বিল্ডিং এ 'লিফট' এর ব্যবস্থা আছে ঐ সমস্ত বিল্ডিং এ পর্যাপ্ত ফুয়েল/ডিজেল এর স্টক রাখার প্রয়োজনীতা।<br><br>এ ছাড়াও তিনি পরিষদ অফিসের দুইজন সিনিয়র ষ্টাফ যারা তাদের নিজ নিজ পদে দায়িত্ব পালনে পারদর্শিতা দেখিয়েছেন তাদেরকে পদোন্নতি করা যায় কিনা সে বিষয়েও উপস্থিত সকল সদস্যদের দৃষ্টি আর্কষণ করেন।<br><br>এরপর প্রেসিডেন্ট জয়েন্ট সেক্রেটোরী মহোদয়কে মূল আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রমকে এগিয়ে নেওয়ার অনুরোধ করেন। | সকল ইসি সদস্যবৃন্দ |
| **আলোচ্যসূচি- ০৩ ঃ নির্বাহী কমিটির ১১ম সভার কার্যবিবরণী অনুমোদন**<br><br>পরিষদ নির্বাহী কমিটির জয়েন্ট সেক্রেটারী মহোদয় ১১ম সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য উপস্থাপন করেন। তিনি ঐ সভার আলোচিত বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্টের উপর আলোকপাত করেন এবং গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি সম্পর্কে সকলকে অবগত করেন। পরিশেষে, উক্ত কার্যবিবরণী অনুমোদনের জন্য ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন (অবসরপ্রাপ্ত), ইসি সদস্য প্রস্তাব করেন এবং (১) কর্নেল মোহাম্মদ ওয়ালী উল্লাহ (অবসরপ্রাপ্ত), ভাইস প্রেসিডেন্ট এবং (২) ডাঃ পারভীন হক চৌধুরী, ইসি সদস্য তা সমর্থন করেন। ফলে ১১ম ইসি সভার কার্যবিবরণী অনুমোদিত হলো। | সকল ইসি সদস্যবৃন্দ |
| **আলোচ্যসূচি- ০৪ ঃ ইসি কর্তৃক জুলাই ২০২৬ মাসের আর্থিক খরচের অনুমোদন**<br><br>বারিধারা ডিওএইচএস পরিষদের জুলাই ২০২৬ মাসের আর্থিক খরচের বিষয়টি ট্রেজারার গ্রুপ ক্যাপ্টেন এস এম এ খালেদ, এনডিইউ, পিএসসি (অবসরপ্রাপ্ত) কর্তৃক ইসিতে অনুমোদনের জন্য উপস্থাপন করা হয় এবং ব্যালেন্সশীট সম্পর্কে বিস্তারিতভাবে সকলকে অবহিত করা হয়। উক্ত আর্থিক খরচে কোন ধরণের পর্যবেক্ষন না থাকায় অনুমোদনের জন্য লেঃ কর্ণেল মোঃ আব্দুর রব (অবসরপ্রাপ্ত), মেম্বার সিকিউরিটি প্রস্তাব করেন যা গ্রুপ ক্যাপ্টেন এম রফিকুল হক, পিএসসি (অবসরপ্রাপ্ত), ইসি সদস্য সমর্থন করেন। ফলে জুলাই ২০২৬ মাসের আর্থিক খরচ ইসি কর্তৃক অনুমোদিত হলো বলে সভায় গৃহিত হয়। | সকল ইসি সদস্যবৃন্দ |

| | |
|---|---|
| **<u>আলোচ্যসূচি- ০৫ ঃ</u> বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারে তালিকাভুক্ত ডেকোরেটর, ক্যাটারিং এবং ইভেন্ট ম্যানেজমেন্ট সার্ভিস প্রোভাইডারের চুক্তির মেয়াদ শেষে নতুন দরপত্র আহবান/চুক্তির মেয়াদ বর্ধিত করণ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহন প্রয়োজনঃ** বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারে তালিকাভুক্ত ডেকোরেটর, ক্যাটারিং এবং ইভেন্ট ম্যানেজমেন্ট সার্ভিস প্রোভাইডারের চুক্তির মেয়াদ আগামী ২৭ ফেব্রুয়ারি ২০২৭ পর্যন্ত বলবৎ থাকবে। কনভেনশন সেন্টার ম্যানেজমেন্ট সাব-কমিটির ০৮ আগষ্ট ২০২৬ তারিখের সভায় বর্তমান চুক্তির মেয়াদ আরও ০১ (এক) বছর অর্থাৎ ২৭ ফেব্রুয়ারি ২০২৮ পর্যন্ত বৃদ্ধি করা যেতে পারে মর্মে মতামত/সুপারিশ প্রদান করেন। উল্লেখ্য যে, বর্তমান চুক্তির মেয়াদ যদি বর্ধিত না করা হয় সেক্ষেত্রে এখনই নতুন সার্ভিস প্রোভাইডার নিয়োগের জন্য দরপত্র আহবান করা প্রয়োজন। বিষয়টি জরুরী এবং গুরুত্বপূর্ণ বিবেচনায় ইসি এর সিদ্ধান্ত গ্রহনের জন্য উপস্থাপন করা হলো।<br><br>**সিদ্ধান্ত ঃ** যেহেতু কনভেনশন সেন্টার ম্যানেজমেন্ট সাব-কমিটির মতামত/সুপারিশ ইতিবাচক, তাই ইসি'র সকল সদস্য এ ব্যাপারে পরবর্তী **১** বছরের এক্সটেনশনের জন্য তাদের সুপারিশ অনুমোদন করে। | কনভেনার, কনভেনশন সেন্টার |
| **<u>আলোচ্যসূচি- ০৬ ঃ To discuss about picnic venue, date, fixing of subscriptions, forming of committee, transportation arrangements etc and approval of the EC.</u>**<br><br>প্রেসিডেন্ট ২০২৭ সালের পিকনিক এর সম্বন্ধে বিস্তারিত আলোচনা করেন এবং বিষয়টির ব্যাপারে ইতিমধ্যে যে অগ্রগতি সাধিত হয়েছে তা সকলকে অবহিত করেন। প্রধান প্রধান পয়েন্টগুলো নিম্নে দেয়া হলো ঃ<br><br>**সিদ্ধান্ত ঃ**<br><br>ক। এ পর্যন্ত ২টি স্থান পরিদর্শন করা হয়েছে যার একটি বেশ দূরে (ত্রিশাল, ময়মসসিংহ) অবস্থিত এবং যেখানে বড় বড় বাসে গমন করা বেশ কষ্ট সাধ্য এবং সময় সাপেক্ষও বটে। আর দ্বিতীয়টি নাম 'বর্নছোটা' বেশ নিকটেই (জিরাবো, আশুলিয়া, সাভারে) অবস্থিত। যাতায়তের সুবিধা, সাইটের সৌন্দর্য্য ও সার্বিক ব্যবস্থাপনার মান উন্নত বিধায় দ্বিতীয় স্থানটিই বিবেচনার দাবী রাখে।<br><br>খ। পিকনিকের তারিখ : ২৩ জানুয়ারী ২০২৭ (শনিবার)।<br><br>গ। সম্ভাব্য পিকনিক কমিটির কনভেনার থাকবেন প্রেসিডেন্ট নিজে, সমন্বয়কারী হিসাবে কর্ণেল জয়নুল আবেদীন; অন্যান্যদের মধ্যে মেম্বার সিকিউরিটি, মেম্বার এ্যাডমিনসহ প্রয়োজনীয় আরো ব্যক্তিবর্গ।<br><br>ঘ। সচাদাঁর হারঃ (১) Adult - ১,৫০০/- (২) Children 12 years & below up to - 4 years- ১,০০০/- এবং (৩) Driver - ৬০০/-. | প্রেসিডেন্ট, সেক্রেটারী ও মেম্বার এ্যাডমিন |
| **<u>আলোচ্যসূচি- ০৭ ঃ To discuss about the post of Member Medical in lt of constitution Article 26 (2)(a) and co-opt some AMC officer if the post is fallen vacant.</u>**<br><br>আলোচনায় যা উঠে আসে তা হলো বর্তমান মেম্বার মেডিকেলকে তার স্বীয় দায়িত্ব সম্পাদনে; উনি বা উনার পরিবার প্রায়ই অসুস্থ থাকার কারনে তিনি একাধারে ৫টি ইসি মিটিংএ ইতোমধ্যেই অনুপস্থিত থেকেছেন। তিনি স্বেচ্ছায় দায়িত্ব থেকে অব্যাহতি না চাইলে বা পদত্যাগ না করলেও সংবিধানের ধারা অনুযায়ী ইসি মিটিংএ অনুপস্থিতির কারনে ডিওএইচএস সংবিধানের আর্টিকেল ২৬, ধারা (২), উপধারা (a) মোতাবেক স্বীয় পদ থেকে ইস্তফা করেছেন হিসেবে বিবেচিত হবে। সকলেই এই বিষয়ে একইমত পোষন করেন।<br><br>**সিদ্ধান্ত ঃ** আগামী **১** সপ্তাহ অপেক্ষা করেও যদি তাঁর পদত্যাগ পত্র অত্র পরিষদ অফিস কর্তৃক গৃহিত না হয় তা হলে ডিওএইচএস সংবিধানের আর্টিকেল ২৬, ধারা (২), উপধারা (a) অনুযায়ী বর্তমান মেম্বার মেডিকেল তিনি তাঁর পদ হতে ইস্তফা দিয়েছেন হিসেবে বিবেচিত হবে এবং সম্মতি সাপেক্ষে প্রাক্তন মেম্বার মেডিকেল ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নাজমুল হুদা (অবসরপ্রাপ্ত)কে সংবিধানের আর্টিকেল ২৭ (৪) ধারা মোতাবেক কো-অপ্ট করার সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয়। | সকল ইসি সদস্য ও সেক্রেটারী |

| | |
|---|---|
| **আলোচ্যসূচি- ০৮ ঃ To discuss about present performances of DOHS Medical Centre including therapy Centre. We may fix the service cost of the patients in the new system in order to avoid taking the service for a very long time if agreed by the EC members.**<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হলো:<br><br>ক। Patient কে ফিজিও থেরাফী সার্ভিস নেয়ার জন্য Medical Centre এ স্বশরীরে আসতে হবে। বাসায় যেয়ে কোন সার্ভিস Medical Centre থেকে প্রদান করা হবেনা। এ ব্যাপারে পরিষদ অফিস থেকে ১টি সকল সদস্যকে প্রদান করা হবে।<br><br>খ। **ফিজিও থেরাপির জন্য Service Cost হবে নিম্নরূপ:**<br><br>(১) ১ ঘন্টা পর্যন্ত - ৪০০/- (চারশত টাকা) মাত্র।<br>(২) পরবর্তী প্রতি ১৫ মিনিটের জন্য ১০০/- (একশত টাকা মাত্র)। | মেম্বার মেডিকেল |
| **আলোচ্যসূচি- ০৯ ঃ To discuss about repair works of Basketball ground including painting & drainage system.**<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে নিম্মোক্ত সিদ্ধান্ত গৃহিত হয় :-<br><br>ক। রিপেয়ার/সংস্কার কাজ সংশ্লিষ্ট সাব-কমিটির মাধ্যমে সম্পাদিত হবে। এ ক্ষেত্রে রুহুল আজম বনি, বাড়ী # ৩৭৬, রোড # ০৬ এর সহায়তা নেয়া যেতে পারে।<br><br>খ। গ্রাউন্ড সংস্কার কাজের শুরুতেই মাঠের পানি নিস্কাশনের জন্য ড্রেইনের কাজ প্রথমে শেষ করতে হবে।<br><br>গ। আগামী নভেম্বর ২০২৬ এর মধ্যে সংস্কার কাজ শেষ করতে হবে। | কনভেনার, স্পোর্টস এন্ড ফিটনেস সেন্টার কমিটি, মেম্বার এ্যাডমিন |
| **আলোচ্যসূচি- ১০ ঃ Create 1 x post of office Superintendent in the organogram. পরিষদে কর্মরত ৪ জন অফিস সহায়কদের প্রদানকৃত ভাতার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহন এবং আইটি এ্যাসোসিয়েট মোঃ আতিকুর রহমান এবং অফিস এ্যাসোসিয়েট সান্টু খান এর পরবর্তী পদে পদোন্নতি নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।**<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, Organogram এ ১টি অফিস সুপারিনটেনডেন্ট পদ সৃষ্টি করার সিদ্ধান্ত গৃহিত হয় এবং সিনিয়র অফিস এ্যাসোসিয়েট আশিষ সিকদার এবং মোঃ ইব্রাহিম খলিল দীর্ঘদিন ধরে অত্র পরিষদে দক্ষতা, সততা ও নিষ্ঠারসাথে কাজ করছেন বিধায় HR কমিটির সুপারিশ অনুযায়ী ০১ আগষ্ট ২০২৬ হতে তাদেরকে অফিস সুপারিনটেনডেন্ট পদে পদোন্নতি দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>এছাড়াও ২ জন কর্মচারীর ব্যাপারে পরবর্তী ইসি সভায় আলোচনা করা হবে। | সেক্রেটারী ও ট্রেজারার |
| **আলোচ্যসূচি- ১১ ঃ Regarding training, parade & PT of the Security personnel. Judicious use of electricity to reduce bill. Raising wall to the north west of the pond. Stop overflowing of rain water & escape of Fish. Point raised by Capt M Omar Faruque, G, psc (Retd).**<br><br>**সিদ্ধান্ত ঃ** বিষয়টি আলোচনা হয়নি। | |
| **আলোচ্যসূচি- ১২ ঃ লাইব্রেরীর জন্য একটি প্রিন্টার ক্রয়ের প্রয়োজনীয়তা পর্যালোচনা ও নির্বাহী কমিটি কর্তৃক অনুমোদন সাপেক্ষে ক্রয়।**<br><br>**সিদ্ধান্ত ঃ** এ ব্যাপারে পরবর্তী ইসি সভায় আলোচনা করা হবে। | |
| **আলোচ্যসূচি- ১৩ ঃ To discuss about Renew application for Taekwondo Training.**<br><br>**সিদ্ধান্ত ঃ** এ ব্যাপারে পরবর্তী ইসি সভায় আলোচনা করা হবে। | |

| | |
|---|---|
| **আলোচ্যসূচি- ১৪ ঃ Discussion on points raised by Col Zainul Abedin (Retd)**<br><br>**ক। নিরাপত্তা ও পরিষ্কার-পরিচ্ছন্নতা সংক্রান্ত ঃ**<br>(১) ডিওএইচএস এর ভিতর পর্যাপ্ত সংখ্যক ব্যানার, সাইনবোর্ড, ইত্যাদি ডিসপ্লে করার ব্যবস্থা করা।<br>**যেমন ঃ**<br>(ক) যেখানে-সেখানে ময়লা ফেলবে না, রাস্তার উপর কফ বা থুথু ফেলবেন না, ডিওএইচএস পরিচ্ছন্ন রাখতে পরিষদকে সহযোগিতা করুন, ইত্যাদি।<br>(খ) নিজ বাসার চতুর্দিক পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার ব্যাপারে বসবাসকারী সদস্যদেরকে নিয়মিতভাবে সতর্কতামূলক নির্দেশাবলী লিখিতভাবে পাঠানো যেতে পারে।<br>(গ) পরিষ্কার-পরিচ্ছন্ন নিশ্চিতকল্পে নিয়মিত 'ভিজিল্যান্স টিম' দ্বারা পরিদর্শন করে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।<br>(২) রাস্তার পাশের সাইন বোর্ড বা অন্যান্য লেখা যেন পরিষ্কারভাবে পড়া ও দেখা যায় এ জন্য গাছপালা বা এরূপ প্রতিবন্ধক নিয়মিতভাবে অপসারণের ব্যবস্থা করা।<br>(৩) স্কুল গেট এর বিপরীতে উত্তর, পূর্ব ও পশ্চিম পার্শ্বে গাড়ি পার্কিং করতে না দেয়া।<br>(৪) শেওড়া রেল ক্রসিং-স্কুল গেট এবং স্কুল গেট-ইঞ্জিনিয়ার ব্রিগেড গেট এই রাস্তায় নরমাল ওভারটেকিং নিষিদ্ধ করলে দূর্ঘটনার সম্ভাবনা কমে যাবে।<br><br>**সিদ্ধান্ত ঃ** এ ব্যাপারে পরবর্তী ইসি সভায় আলোচনা করা হবে।<br><br>**খ। অন্যান্য পয়েন্টস ঃ**<br>(১)। ডিওএইচএস লাইব্রেরিতে বহিরাগতদের প্রবেশ নিষিদ্ধ রাখা প্রয়োজন।<br>(২)। একইভাবে পুকুর পাড় ও পার্কিং এলাকায় বহিরাগতদের আনাগোনা ও চলাচল রহিত করার কার্যকর ব্যবস্থা প্রয়োগের প্রচেষ্টা নেয়া প্রয়োজন।<br>(৩)। খেলাধূলা ও সংস্কৃতি চর্চার কর্মকান্ড বৃদ্ধির ব্যবস্থা নেওয়া।<br><br>**সিদ্ধান্ত ঃ** এ ব্যাপারে পরবর্তী ইসি সভায় আলোচনা করা হবে। | সেক্রেটারী |
| **আলোচ্যসূচি- ১৫ ঃ Any other business**<br>১। কোন পয়েন্ট আলোচিত হয়নি। | |
| **আলোচ্যসূচি-১৬ঃ পরবর্তী নির্বাহী কমিটির সভা ঃ** আগামী ১৯ সেপ্টেম্বর ২০২৬ (শনিবার), সন্ধ্যা ১৯০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। | সেক্রেটারী |
| **আলোচ্যসূচি - ১৭ ঃ প্রেসিডেন্ট এর সমাপনী বক্তব্য ঃ** সভায় আরো আলোচনার বিষয় থাকলেও সময়ের অভাবে আলোচনা না করেই সভার কার্যক্রম শেষে করা হয়। নির্বাহী কমিটির সকল সদস্যদেরকে সভায় কার্যক্রমে স্বতঃস্ফুর্তভাবে অংশগ্রহণ ও সিদ্ধান্তগ্রহনে ইতিবাচক ভূমিকা রাখায় আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে এবং সবশেষে সকলের সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন। | |

ব্রিগেঃ জেনাঃ শাহ মোঃ মহিউদ্দিন (অবসরপ্রাপ্ত)
সেক্রেটারী
৩১ আগষ্ট ২০২৬

**অনুমোদনক্রমে-**

কর্নেল এম আব্দুল হাই (অবসরপ্রাপ্ত)
প্রেসিডেন্ট
৩১ আগষ্ট ২০২৬

**কার্যক্রম ঃ**

সম্মানিত নির্বাহী কমিটির সদস্যবৃন্দ
হিসাব শাখা
কনভেনশন সেন্টার শাখা